

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গত ২৩ ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত হল প্রোগ্রামেবল লজিক কন্ট্রোলার (পিএলসি) সম্পর্কিত দিনব্যাপী কর্মশালা, যাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুয়েটের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে আসন অলংকৃত করেছিলেন শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার এবং বিশিষ্ট পিএলসি বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার মো. লুৎফর রহমান, শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ইঞ্জিনিয়ার মো. হাফিজুর রহমান, সিনকোস অটোমেশন টেকনোলজিস লিমিটেডের ডিরেক্টর নাসিক এম আক্বাস এবং সিনকোসের বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ইঞ্জিনিয়ার তাসনিম সারওয়ার রাদ। মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে অনুষ্ঠিত এ কর্মশালায় সারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে সর্বমোট ২১১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ডেপুটি জেনারেল ম্যানেজার এবং বিশিষ্ট পিএলসি বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার মো. লুৎফর রহমান।

একটি ডিপার্টমেন্টের ব্যানারে এত বিশাল কর্মশালার আয়োজন নিঃসন্দেহে একটি সাহসী পদক্ষেপ। এ কর্মশালা আয়োজনের পিছনে মূল প্রেরণা সম্পর্কে জানতে চাইলে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. সজল

কুমার দাস বলেন, “আমাদের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টটা আসলে একটা পরিবারের মতোই। এখানে আমরা ছাত্র এবং শিক্ষক উভয়ই একইসাথে কাজ করি। যেকোনো প্রোগ্রামই হোক, রিসার্চই হোক কিংবা কারিকুলামের বাইরের কোনো কাজ, আমরা সকলে একসাথে মিলেই করে থাকি। মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ সার্টিফিকেট কিংবা কারিকুলামভিত্তিক যে পড়াশুনা রয়েছে, এর পাশাপাশি নানা এক্সট্রাকারিকুলার অ্যাক্টিভিটিগুলোকেও সমান গুরুত্ব দেয়।” এছাড়াও বাংলাদেশে পিএলসি-র ভবিষ্যৎ সম্পর্কে তিনি জানান, “সব ইন্ডাস্ট্রিই ধীরে ধীরে অটোমেশনের দিকে ঝুঁকি পড়ছে। এই মুহূর্তে তাই পিএলসি থেকে দূরে থাকার কোনো উপায় নেই।”

আলোচ্য এই কর্মশালায় বক্তারা ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন এবং পিএলসি প্রোগ্রামিংয়ে নিজেদের জ্ঞান এবং অভিজ্ঞতা দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে দেন। উপভোগ্য এই কর্মশালার শেষাংশে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সঙ্গে ফটোসেশনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি টানা হয়।



কর্মশালার সমাপনী অনুষ্ঠানে আয়োজক ও অতিথিবৃন্দের সাথে অংশগ্রহণকারীদের একাংশ।